দৈনিক সংবাদ

তারিখ 25 MAR 1986
পৃষ্ঠা 5 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

115

# বাকসু নির্বাচন। ১০টি প্যানেল জমা পড়েছে

ময়মনসিংহ, ২২শে মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)।-- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) নির্বাচনে আজ ১০টি প্যানেলে মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। ৯টি হলে সকল ছাত্র সংগঠন পৃথক পৃথকভাবে তাদের মনোনয়নপত্র পেশ করেছে। ছাত্রীদের হলে জাতীয়তাবাদী ছাত্রদল কোন প্যানেল দিতে পারেনি। ৪ঠা এপ্রিল এই নির্বাচন অনুষ্ঠিত হবে।

ছাত্রলীগ (সু-র)-২টি প্যানেল, ছাত্র ইউনিয়ন-২টি প্যানেল, ছাত্রলীগ (মু-না), ছাত্রফ্রন্ট ও ছাত্র মৈত্রী যৌথভাবে ১টি প্যানেল জমা দিয়েছে। আর যে সকল ছাত্র সংগঠন প্যানেল জমা দিয়েছে সেগুলো হচ্ছে ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির, জাতীয় ছাত্রলীগ, বিপ্লবী ছাত্র মঞ্চ ও স্বতন্ত্র। তবে ছাত্রলীগ (সু-র), ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ যৌথ প্যানেলের ব্যাপারে আলোচনা চালিয়ে যাচ্ছে।

মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৭শে মার্চ। বাকসু ও ৯টি হলে মোট ৩ হাজার ৮০৪ জন ভোটার ১৪১টি পদে প্রার্থী নির্বাচিত করবেন।

ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ১৯টি আচরণবিধি ঘোষণা করেছেন।